

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৪৮৯

১/ বিবিধ

আরবী

إذا اشتد كلب الجوع فعليك برغيف وجر من ماء القراح، وقل: على الدنيا وأهلها مني
الدمار
موضوع

عزاه السيوطي في " الجامع " لابن عدي والبيهقي في الشعب عن أبي هريرة وتعقبه
الشارح المناوي بقوله: وفيه الحسين بن عبد الغفار، قال الدارقطني: متروك،
والذهبي: متهم، وأبو يحيى الوقار، قال الذهبي: كذاب
قلت: أبو يحيى هذا اسمه زكريا بن يحيى، قال ابن عدي في ترجمته من الكامل: (148 /
1) ، يضع الحديث، وأخبرني بعض أصحابنا عن صالح جزرة أنه قال: حدثنا أبو
يحيى الوقار وكان من الكذابين الكبار، ثم قال ابن عدي
وله أحاديث موضوعات كان يتهم الوقار بوضعها، والصالحون قد وسموا بهذا الاسم
أن يرووا أحاديث في فضائل الأعمال موضوعة بواطل، ويتهم جماعة منهم بوضعها.
وقال في ترجمة الحسين بن عبد الغفار (98) : حدث بأحاديث مناكير
وتناقض المناوي ففي " الفيض " أعله بما تقدم، وفي " التيسير " قال: إسناده ضعيف
قلت: وقد وجدت للحديث طريقا أخرى عن أبي هريرة ليس فيها متهم بالوضع، وهو
الحديث الآتي عقب هذا، وليس فيه: وقل: " على الدنيا وأهلها مني الدمار " وإنما فيه: "
وعلى الدنيا وأهلها الدمار "، فهذا إخبار، والأول إنشاء وأمر، ولا يخفى الفرق بينهما

৪৮৯। যখন ক্ষুধার রোগ প্রচলিত রূপ নিবে, তখন তুমি এক টুকরো রুটি গ্রহণ করবে, কুপের পানি হতে একটু পানি উঠিয়ে নিবে এবং বলবে দুনিয়া ও দুনিয়ার অধিবাসীদের উপর আমার নিকট হতে বিনাশ সাধিত হোক।

হাদীসটি জাল।

সুযুতী “জামেউস সাগীর” গ্রন্থে ইবনু আদী এবং বাইহাকী “শুয়াবুল ঈমান” গ্রন্থে আবু হুরাইরাহ্ (রাঃ) হতে বর্ণনা করেছেন বলে উল্লেখ করেছেন।

মানবী তার সমালোচনা করে বলেছেনঃ হাদীসটির সনদে হুসাইন ইবনু আব্দিল গাফফার রয়েছে। তার সম্পর্কে দারাকুতনী বলেনঃ তিনি মাতরুক। যাহাবী বলেনঃ তিনি মিথ্যার দোষে দোষী। আরেক বর্ণনাকারী আবু ইয়াহইয়া আল-অক্কার সম্পর্কে যাহাবী বলেনঃ তিনি মিথ্যুক।

আমি (আলবানী) বলছিঃ এ আবু ইয়াহইয়ার নাম যাকারিয়া ইবনু ইয়াহইয়া। ইবনু আদী তার জীবনী বর্ণনা করতে গিয়ে “আল-কামিল” গ্রন্থে (১/১৪৮) বলেনঃ তিনি হাদীস জালকারী। আমাদের কোন সাথী সালেহ যাহারা হতে সংবাদ দিয়েছেন যে, তিনি বলেনঃ আবু ইয়াহইয়া আমাদেরকে হাদীস শুনিয়েছেন, কিন্তু তিনি প্রসিদ্ধ মিথ্যুকদের অন্তর্ভুক্ত। অতঃপর ইবনু আদী বলেনঃ তার কতিপয় বানোয়াট হাদীস রয়েছে। সেগুলো জাল করার দায়ে অক্কারকে দোষী করা হয়েছে ...। তিনি হুসাইন ইবনু আব্দিল গাফফারের জীবনীতে (৯৮) বলেনঃ তিনি কতিপয় মুনকার হাদীস বর্ণনা করেছেন। মানবী দ্বন্দ্বে ভুগেছেন, “আল-ফায়েয” গ্রন্থে হাদীসটির সমস্যা হিসাবে যা বলেছি তাই উল্লেখ করেছেন। কিন্তু “আত-তায়সীর” গ্রন্থে বলেছেনঃ সনদটি দুর্বল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=68074>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন